দৈনিক বাংলা



শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 2

এরশাদ প্রধান পৃষ্ঠপোষক : প্রফেসর সালাম তহবিল সংগ্রহ করবেন

# দুর্যোগ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের গঠনতন্ত্র গৃহীত

(স্টাফ রিপোর্টার)

গতকাল পরিবেশ সমীক্ষা ও দুর্যোগ ব্যবস্থাপনা আন্তর্জাতিক ইনস্টিটিউটের উপদেষ্টা পর্ষদের দ্বিতীয় অধিবেশনে প্রতিষ্ঠানের গঠনতন্ত্র সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

গঠনতন্ত্রে প্রেসিডেন্ট এইচ এম এরশাদকে ইনস্টিটিউটের প্রধান পৃষ্ঠপোষক এবং বিশিষ্ট পানি বিশেষজ্ঞ বি এম আব্বাস এটি ও উপপ্রধানমন্ত্রী কাজী জাফর আহমদকে পৃষ্ঠপোষক করা হয়।

গতকাল বিকালে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের প্রেস ব্রিফিং হলে উপপ্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ সাংবাদিকদের এ তথ্য জানান। উপদেষ্টা পর্ষদের অধিবেশন কাজী জাফর আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রেস ব্রিফিংকালে ইনস্টিটিউটের মহাসচিব প্রফেসর এস শফিউল্লাহও বক্তব্য রাখেন।

সকাল ৯টায় শুরু হওয়া অধিবেশনে অন্যান্যের মধ্যে উপস্থিত

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## গঠনতন্ত্র গৃহীত

(প্রথম পৃঃ পর)

ছিলেন নোবেল পুরস্কার বিজয়ী পদার্থবিজ্ঞানী প্রফেসর আবদুস সালাম। কাজী জাফর জানান যে প্রফেসর সালাম ইনস্টিটিউটের কাঠামো ব্যবস্থাপনা, উদ্দেশ্য কার্য সম্পর্কে সারগর্ভ বক্তব্য রাখেন এবং প্রতিষ্ঠানটির বিকাশে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। ইনস্টিটিউটের কাজে প্রফেসর সালাম আগামী নভেম্বরে বাংলাদেশে আবার আসবেন সেদিকে লক্ষ্য রেখেই উপদেষ্টা পর্ষদের পরবর্তী অধিবেশনের তারিখ নির্ধারিত হবে।

গতকালের অধিবেশনে উপস্থিতদের মধ্যে ছিলেন প্রফেসর এম ই হাস্টহাউস, প্রফেসর এ রেনজার্নি ডঃ কেট ক্যাংক, প্রফেসর এস ও ম্যাকাফরে প্রফেসর শুন শুনচাই, প্রফেসর নুরুল ইসলাম, প্রফেসর এস জেড হায়দার, প্রফেসর মফিজউদ্দিন আহমদ, প্রফেসর আমীনুল হক, প্রফেসর খয়রুল বাশার ও ডাঃ আজিজুর রহমান।

কাজী জাফর জানান প্রফেসর সালামের আকাঙ্ক্ষা এই যে ইনস্টিটিউটটি যেন বিশ্বের অন্যতম প্রধান গবেষণা প্রতিষ্ঠানে পরিণত হয়, ইনস্টিটিউটের জন্য সরকার যেন দুর্যোগ ত্রাণে প্রাপ্ত তহবিলের কমপক্ষে দশ শতাংশ বরাদ্দ করেন। প্রফেসর সালাম এই অভিমত ব্যক্ত করেন এবং আশ্বাস দেন যে প্রতিষ্ঠানের জন্য তহবিল সংগ্রহ করতে তিনি নিজে পৃথিবীর বিভিন্ন দেশে যেতে প্রস্তুত রয়েছেন। এই মিশনে তাঁর সঙ্গী হওয়ার জন্য প্রফেসর সালাম পৃষ্ঠপোষক কাজী জাফরকে ইটালীর ট্রিয়েস্টে আসার জন্যও আমন্ত্রণ জানান। প্রতিষ্ঠানের জন্য যন্ত্রপাতি সংগ্রহও বৈজ্ঞানিক কার্যকলাপ পরিচালন কঠিন হবে না মন্তব্য করে প্রফেসর সালাম জানান প্রতিষ্ঠানটি চালাতে কমপক্ষে এক কোটি ডলার লাগবে। অধিবেশনটি গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালনার জন্য সভাপতি কাজী জাফরের দক্ষতারও প্রশংসা করেন প্রফেসর সালাম।

উপদেষ্টা পর্ষদের মুলতবী অধিবেশন আজ শনিবার সকালে আবার শুরু হবে, এতে ইনস্টিটিউটের এ্যাকশন প্ল্যান সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হবে।